দৈনিক ইনকিলাব

তারিখ 12 JUL 1991
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

৩৮

45

প্রশ্নপত্র ফাঁসকারীরা সমাজের শত্রু ঃ প্রেসনোট

# জড়িতদের গ্রেফতারে সহায়তাকারীকে ১ লাখ টাকা পুরস্কার প্রদান করা হবে

শিক্ষা মন্ত্রণালয় গতকাল এক প্রেসনোট জারি করে বলেছেঃ সরকার গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে, কুমিল্লা বোর্ডের এসএসসি পরীক্ষার বিভিন্ন বিষয়ের প্রশ্নপত্র ফাঁস হয়েছে। এই প্রেক্ষিতে ইংরেজী উভয়পত্র এবং গণিত পরীক্ষা ইতিমধ্যে বাতিল করা হয়েছে। অভিযোগ পাওয়া গেছে যে, পরবর্তীতে অনুষ্ঠিত পরীক্ষার প্রশ্নপত্রও ফাঁস হয়েছে। আশংকা করা হচ্ছে যে, বাকী প্রশ্নপত্রও ফাঁস হতে পারে। এই প্রেক্ষিতে সরকার ইংরেজী, গণিত এবং তার পর অনুষ্ঠিত এবং অনুষ্ঠিতব্য সকল পরীক্ষা বাতিল ঘোষণা করেছে।

প্রশ্নপত্র ফাঁসের ঘটনা তদন্ত করার জন্য ইতিমধ্যে সুপ্রীম কোর্টের একজন অবসরপ্রাপ্ত মাননীয় বিচারপতির নেতৃত্বে একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন কমিটি গঠন

১১-এর পৃঃ ৮-এর কঃ দেখুন

## প্রেসনোট

প্রথম পৃষ্ঠার পর

করা হয়েছে। এছাড়া, দুষ্কৃতকারীদের খুঁজে বের করার জন্য ডিটেকটিভ ব্রাঞ্চকে নিয়োজিত করা হয়েছে। প্রশ্নপত্র ফাঁসের সাথে জড়িত ব্যক্তিরা সমাজের শত্রু। সরকার তাদের গ্রেফতার এবং আইনানুযায়ী শাস্তি প্রদানে বদ্ধপরিকর। তাদের গ্রেফতার এবং সাফল্যজনকভাবে অভিযুক্ত করা এবং শাস্তি প্রদানে সহায়তাকারীকে সরকার ১ লক্ষ টাকা নগদ পুরস্কার প্রদান করবে।

প্রশ্নপত্র ফাঁসের মত ঘৃণ্য এবং দুঃখজনক ঘটনার পুনরাবৃত্তি যাতে না ঘটে সেই জন্য আইনের প্রয়োজনীয় সংশোধনী আনা হচ্ছে। প্রশ্নপত্র ফাঁসকারী এবং সহায়তাকারীর শাস্তি হবে ন্যূনতম দশ বছর এবং সর্বোচ্চ যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড।